

উদ্ধার হয়নি নাইজেরিয়ার ছাত্রীরা, পুরস্কার ঘোষণা

ব্যবস্থা নিতে মালালার আহ্বান

নাইজেরিয়ায় সশস্ত্র গ্রুপ বোকা হারামের হাতে অপহৃত দুই শতাধিক ছাত্রীকে উদ্ধারে তিন লাখ মার্কিন ডলার পুরস্কার ঘোষণা করা হয়েছে। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স ও চীনসহ বিভিন্ন বিশ্বশক্তি তাদের উদ্ধার তৎপরতায় যোগ দিয়েছে।

গত ১৪ এপ্রিল নাইজেরিয়ার উত্তর-পূর্বাঞ্চলীয় শিবির এলাকার সরকারি মাধ্যমিক বিদ্যালয় থেকে ১৬ থেকে ১৮ বছর বয়সী ছাত্রীদের অপহরণ করা হয়। পড়িয়ে দেওয়া হয় ছুল ডবন। গত রোববার রাতে অপহরণ করা হয় আরও ১১ ছাত্রীকে। তিন সপ্তাহ পরও তারা উদ্ধার না হওয়ায় বিশ্বব্যাপী ক্ষোভের সৃষ্টি হয়।

এরই মধ্যে বোকা হারামের যোদ্ধারা পার্শ্ববর্তী গাঘর নাগলা এলাকায় কয়েক শ লোককে হত্যা করেছে। স্থানীয় সিনেটর আহমেদ জাভা জানান, ওই ছাত্রীদের উদ্ধার তৎপরতায় যোগ দিতে স্থানীয় ঘাঁটির সেনাদের লোক লাভ এলাকার দিকে মোতায়েন করা হয়। এই সুযোগ কাজে লাগায় গুসিরা।

ভালেবান জমিনের ওলিতে ২০১২ সালে আহত হওয়া নারীশিক্ষা অ্যাসোসিয়েশনের কর্মী মালারা ইউসুফজাই গত বুধবার বিবিসিকে বলেন, 'নাইজেরিয়ায় ২০০ জনের বেশি ছাত্রী অপহরণের পর বিশ্বকে মুখ বন্ধ করে থাকা ঠিক হবে না। আমরা নীরব থাকলে এ ধরনের ঘটনা একের পর এক ঘটেই থাকবে।'

জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনান জঘন্য এই ঘটনার বিরুদ্ধে ত্বরিত ব্যবস্থা নিতে ব্যর্থ হওয়ায় নাইজেরিয়া ও আফ্রিকার অন্য দেশগুলোর সমালোচনা করেন।



মালারা ইউসুফজাই

নাইজেরিয়ার পুলিশ গত বুধবার ঘোষণা দেয়, ওই ছাত্রীদের উদ্ধারে তৎপরতা তথা দিয়ে কেউ সহায়তা করলে তিন লাখ ডলার পুরস্কার দেওয়া হবে। নাইজেরিয়া সরকার উদ্ধার তৎপরতায় আন্তর্জাতিক সহায়তা নেওয়ারও ঘোষণা দিয়েছে। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও ফ্রান্স জানিয়েছে, তারা ওই ছাত্রীদের উদ্ধারে সহায়তা করতে নাইজেরিয়ায় বিশেষদল পাঠাবে।

মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা টেলিভিশন চ্যানেল এবিসিকে বলেন, সামরিক, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও অন্যান্য সংস্থার সমন্বয়ে গঠিত একটি মার্কিন দল ওই ছাত্রীদের উদ্ধারে কাজ করবে।

চীন প্রতিশ্রুতি দিয়েছে, তারা কৃত্রিম উপগ্রহ ও গোয়েন্দা বাহিনীর মাধ্যমে প্রাণ তথা নাইজেরিয়াকে দিয়ে সহায়তা করবে।

বোকা হারামের নেতা আবু বকর শেকাও সম্প্রতি এক ভিডিওবার্তায় ওই ছাত্রীদের অপহরণের কথা স্বীকার করে তাদের দাসী হিসেবে বিক্রি করে দেওয়ার হুমকি দেন। এএফপি, আল-জাজিরা ও বিবিসি।